

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে উপজেলা ভোটকেন্দ্র স্থাপন কমিটির ১ম সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ আজগর হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরা, নরসিংদী  
স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ, রায়পুরা, নরসিংদী  
তারিখ : ৩১ জুলাই ২০২৩ খ্রি.  
সময় : দুপুর ০২.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট – ‘ক’

সভাপতি সভায় উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভায় কার্যক্রম শুরু করেন। আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোট কেন্দ্রসমূহ চূড়ান্ত করার লক্ষ্যে এই সভাটি আহবান করা হয়। অতঃপর পরবর্তী আলোচনার নিমিত্ত সার্বিক তথ্যচিত্র উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিবকে অনুরোধ করা হয়।

উপজেলা নির্বাচন কর্মকর্তা ও উপজেলা ভোটকেন্দ্র স্থাপন কমিটির সদস্য সচিব জনাব আজহারুল ইসলাম বাংলাদেশ নির্বাচন কমিশন, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকার ৩০ জুলাই ২০২৩ তারিখের ১৭.০০.০০০০.০২৫.৪৪.০০৮.২২-৭৩২ নং স্মারকে প্রেরিত ভোটকেন্দ্র স্থাপন সংক্রান্ত পত্র এবং ০৫ জুন ২০২৩ তারিখের ১৭.০০.০০০০.০২৫.৪৪.০০৮.২২-৬২৯ নং স্মারকে জারীকৃত ‘জাতীয় সংসদ নির্বাচনে ভোটকেন্দ্র স্থাপন এবং ব্যবস্থাপনা নীতিমালা’ সভায় উপস্থাপন করেন। সভায় সকল সদস্যকে প্রাপ্ত নীতিমালা ও বর্তমানে বিদ্যমান ভোটকেন্দ্রের তালিকা প্রদান করা হয়। প্রাপ্ত নীতিমালার আলোকে সভায় উপস্থিত সদস্যগণ নিজ নিজ মতামত ব্যক্ত করেন।

জনাব মোঃ জামাল উদ্দিন, সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা (উপজেলা শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি), রায়পুরা বলেন, রায়পুরা উপজেলায় বিদ্যমান ১৬১ টি ভোটকেন্দ্রের মধ্যে প্রায় ১০১টি ভোটকেন্দ্র বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অবস্থিত। ভোটকেন্দ্রের তালিকা মোতাবেক সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কেন্দ্রগুলো সরেজমিনে পরিদর্শন করে নীতিমালা মোতাবেক প্রয়োজনীয় সকল তথ্য ও স্থিরচিত্র নির্ধারিত তারিখের পূর্বেই দাখিল করা হবে মর্মে সভায় অবহিত করেন। এছাড়াও কোন ভোটকেন্দ্রে ক্ষুদ্র সংস্কারের প্রয়োজন হলে তা উপজেলা ভোটকেন্দ্র স্থাপন ও ব্যবস্থাপনা কমিটিকে অবহিত করা হবে।

জনাব মোহাম্মদ সামালগীর আলম, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, রায়পুরা উপজেলার ভোটকেন্দ্রের মধ্যে প্রায় ৬০টি ভোটকেন্দ্র বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ে ও উচ্চ মাধ্যমিক কলেজে অবস্থিত। ভোটকেন্দ্রের তালিকা মোতাবেক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে কেন্দ্রগুলো সরেজমিনে পরিদর্শন করে নীতিমালা মোতাবেক প্রয়োজনীয় সকল তথ্য ও স্থিরচিত্র নির্ধারিত তারিখের পূর্বেই দাখিল করা হবে মর্মে সভায় অবহিত করেন। এছাড়াও কোন ভোটকেন্দ্রে ক্ষুদ্র সংস্কারের প্রয়োজন হলে তা উপজেলা ভোটকেন্দ্র স্থাপন ও ব্যবস্থাপনা কমিটিকে অবহিত করা হবে মর্মে জানান।

জনাব মোঃ আজিজুর রহমান, অফিসার ইনচার্জ, রায়পুরা থানা বলেন, রায়পুরা উপজেলায় ইতোপূর্বে অনুষ্ঠিত নির্বাচনের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে প্রতিটি ভোটকেন্দ্রের সীমানা প্রাচীর বা আনুষঙ্গিক নিরাপত্তা বেটনীর বিষয়ে পদক্ষেপ নিতে হবে। এছাড়াও প্রয়োজনে অধিক গুরুত্বপূর্ণ কেন্দ্রগুলোতে বিকল্প যাতায়াতের ব্যবস্থা রাখতে হবে।

সভাপতি তাঁর বক্তব্যে বলেন, আসন্ন দ্বাদশ জাতীয় নির্বাচনটি খুবই গুরুত্বপূর্ণ নির্বাচন। এ নির্বাচনকে ঘিরে কোন অপ্রীতিকর পরিস্থিতি যেন সৃষ্টি না হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখতে হবে। বিদ্যমান ভোটকেন্দ্র নিয়ে স্থানীয় কোন অভিযোগ বা আপত্তি আছে কি না তা স্থানীয় জনপ্রতিনিধির মাধ্যমে সংগ্রহ করতে হবে এবং যথাযথ যাচাই সাপেক্ষে সমাধান করতে হবে।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্তসমূহ-

| ক্রমিক | সিদ্ধান্ত  | বাস্তবায়নে   |
|--------|--|---|
| ০১     | জাতীয় সংসদ নির্বাচনে ভোটকেন্দ্র স্থাপন ও ব্যবস্থাপনা নীতিমালায় উল্লিখিত ছক মোতাবেক তথ্য প্রেরণের জন্য আগামি ০৯ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে সকল ভোটকেন্দ্রের তথ্য (নির্ধারিত ছকে), স্থিরচিত্র ও ভিডিওচিত্র নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে। | ১। উপজেলা শিক্ষা কর্মকর্তা<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ০২     | বিদ্যমান ভোটকেন্দ্র সম্পর্কে স্থানীয় জনপ্রতিনিধিদের মাধ্যমে অভিযোগ ও আপত্তি সংগ্রহ করে নির্ধারিত তারিখের পূর্বেই তা নিষ্পত্তি করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।   | উপজেলা নির্বাচন কর্মকর্তা   |

অতঃপর সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আজগর হোসেন)

উপজেলা নির্বাহী অফিসার

ও

আহ্বায়ক

উপজেলা ভোটকেন্দ্র স্থাপন ও ব্যবস্থাপনা কমিটি

রায়পুরা, নরসিংদী

ফোনঃ +৮৮ ০২ ২২৪৪৮০১৫

ফ্যাক্সঃ +৮৮ ০২ ২২৪৪৮৩৯৭

ই-মেইলঃ unoraipura@mopa.gov.bd

তারিখঃ ০১ আগস্ট ২০২৩ খ্রিঃ

স্মারক নং ০৫.৩০.৬৮৬৪.১১০.০২.৭৫৮.২৩-৬৮১/১(৬)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী

২। উপজেলা -----কর্মকর্তা ও সদস্য, উপজেলা ভোটকেন্দ্র স্থাপন ও ব্যবস্থাপনা কমিটি, রায়পুরা, নরসিংদী

৩। অফিস কপি

(মোঃ আজগর হোসেন)

উপজেলা নির্বাহী অফিসার

ও

আহ্বায়ক

উপজেলা ভোটকেন্দ্র স্থাপন ও ব্যবস্থাপনা কমিটি

রায়পুরা, নরসিংদী

ফোনঃ +৮৮ ০২ ২২৪৪৮০১৫

ফ্যাক্সঃ +৮৮ ০২ ২২৪৪৮৩৯৭

ই-মেইলঃ unoraipura@mopa.gov.bd

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে উপজেলা ভোটকেন্দ্র স্থাপন কমিটির সভার উপস্থিতি

স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ, রায়পুরা, নরসিংদী

তারিখঃ ০১ আগস্ট ২০২৩ খ্রি.

সময়ঃ দুপুর ০২.০০ ঘটিকা

| ক্রমিক | নাম ও পদবি  | স্বাক্ষর |
|--------|---|----------|
| ১.     | শ্রীঃ আব্দুল হেদয়, উপজেলা নির্বাহী অফিসার          |          |
| ২.     | শ্রীঃ মোহাম্মদ হোসেন<br>৩.১৯ কমান্ডার               |          |
| ৩.     | আব্দুল হক মৈনাম, উপজেলা নির্বাহী অফিসার             |          |
| ৪.     | শ্রীঃ মোহাম্মদ হোসেন, (সকলিয়ার) বি. বি. বি. অফিসার |          |
| ৫.     | শ্রীঃ মোহাম্মদ হোসেন,<br>সি.ও.ও, Raypurra           |          |